
লেন্স এশিয়া

৮ জুলাই, ২০২৫

# স্বার্থান্বেষী মহল বিএনপির নামে সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার চালাচ্ছে : রিজভী



সংগৃহীত ছবি

বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী অভিযোগ করেছেন, একটি স্বার্থান্বেষী মহল পরিকল্পিতভাবে প্রযুক্তির অপব্যবহার করে সামাজিক যোগাযোগমাধ্যম, বিশেষ করে ফেসবুকে বিএনপির নামে অপপ্রচার চালিয়ে যাচ্ছে। আজ মঙ্গলবার (৮ জুলাই) নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ করেন।

রিজভী বলেন, "ফেসবুকে বিএনপির নাম ব্যবহার করে একটি চক্র দখলবাজি, চাঁদাবাজি ও বিশৃঙ্খলার মতো কর্মকাণ্ডে জড়াচ্ছে। এসব কর্মকাণ্ডের বিরুদ্ধে আইনশৃঙ্খলা বাহিনীকে অবহিত করা হলেও তারা কার্যকর কোনো পদক্ষেপ নিচ্ছে না। বিষয়টি উদ্দেশ্যপ্রণোদিত বলে আমরা মনে করি।"

তিনি আরও জানান, দলের ভাবমূর্তি রক্ষায় বিএনপি দ্রুত ও কঠোর ব্যবস্থা নিচ্ছে। যাদের বিরুদ্ধে অভিযোগ পাওয়া যাচ্ছে, তাদের অনেকে ইতোমধ্যে বহিষ্কার, অব্যাহতি কিংবা কারণ দর্শানোর নোটিশ পেয়েছেন। তবে এসব দলীয় ব্যবস্থার বেশিরভাগই গণমাধ্যমে আসে না বলে জানান তিনি।

বর্তমান সরকারের সমালোচনা করে রিজভী বলেন, "অন্তর্বর্তী সরকারের প্রশাসনিক অকার্যকারিতার ফলে সমাজে 'মব কালচার' (গণ-সহিংসতা) বেড়েই চলেছে। শেখ হাসিনার কথিত উন্নয়নের মতোই এখন নির্বাচন পেছানোর জন্য নানা অজুহাত খাড়া করা হচ্ছে। পুলিশ আগেও রাজনৈতিক বক্তব্য দিয়েছে, এখনও সেই ধারা অব্যাহত রয়েছে, যদিও তারা পুলিশের পোশাকে থাকে।"

LENS ASIA